দৈনিক বাংলা

তারিখ 13 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

7

# ক্যাম্পাসে শান্তি নিশ্চিত করতে শিক্ষকদের সহযোগিতা চাই : প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস গতকাল শিক্ষকদের নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে সবার মধ্যে শিক্ষার আলো ছড়িয়ে দেয়ার আহবান জানান।

তিনি বলেন যে জাতির আর্থ-সামাজিক প্রগতি অর্জনে সবার জন্য শিক্ষা অবশ্য প্রয়োজনীয়। খবর বাসসর।

(শেষ পৃঃ ৫—এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে শান্তি নিশ্চিত

(প্রথম পৃঃ পর)

জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের কর্মকর্তাদের একটি প্রতিনিধি দল প্রেসিডেন্টকে অভিনন্দন জানাতে তার বাসভবনে গেলে তিনি একথা বলেন।

প্রেসিডেন্ট বিশ্বাস সবার সম্মিলিত প্রচেষ্টায় দেশের বিভিন্ন খাতে সঞ্চিত সমস্যা সমাধান করে শ্রমজীবী জনগণের অবস্থার উন্নতির প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেন।

প্রেসিডেন্ট বলেন যে জনগণের ভাগ্য উন্নয়নের জন্য বর্তমান গণতান্ত্রিক সরকারের গৃহীত উন্নয়ন প্রচেষ্টাকে সাফল্যভাবে বাস্তবায়ন করতে হবে।

তিনি ঈপ্সিত লক্ষ্যে পৌঁছার জন্য দলমত নির্বিশেষে সর্বস্তরের জনগণকে সরকারের প্রতি সহযোগিতার হাত প্রসারিত করার আহ্বান জানান।

আমাদের চাতীয় সত্তাকে বিকশিত করার জন্য প্রেসিডেন্ট সমাজে সৃজনশীল কর্মকান্ড বৃদ্ধির প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, পন্ডিত ব্যক্তিদের প্রতি আমাদের সম্মান দেখাতে হবে।

প্রেসিডেন্ট ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে শিক্ষকদের সর্বাত্মক সহযোগিতা করার আহবান জানান।

ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ প্রেসিডেন্টের সঙ্গে শিক্ষকদের বিভিন্ন সমস্যা আলোচনা করেন এবং ধৈর্য ধরে তিনি তা শোনেন।

প্রতিনিধি দলের মধ্যে ছিলেন পিএসসির চেয়ারম্যান প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ, ফেডারেশনের প্রেসিডেন্ট ডঃ এনামুল হক খান ও মহাসচিব এম শরিফুল ইসলাম।